

12/04/02

এবার ঢাবির কম্পিউটার

এসোসিয়েশন বন্ধ করে

দিয়েছে কর্তৃপক্ষ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : এবার ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার এসোসিয়েশন (ডুকা) বন্ধ করে দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক নজরুল ইসলাম গত ৯ এপ্রিল 'ডুকা'র কার্যালয়ে ডালা খুলিয়ে দেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, যথার্থ অনুমতিপত্র না থাকার অভিযোগ এনে বিশ্ববিদ্যালয় ● এরপর পৃষ্ঠা ২ কলাম ৮

এবার ঢাবির কম্পিউটার

● শেষের পাতার পর

কর্তৃপক্ষ 'ডুকা'র কার্যক্রম বন্ধ করে দিয়েছে। তবে এ বিষয়টি অস্বীকার করেছেন 'ডুকা'র সঙ্গে সংশ্লিষ্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের সাবেক ডিন অধ্যাপক মেসবাহউদ্দীন আহমেদ। তিনি বলেন, অফিসিয়ালি অনুমতি পাওয়া সময় সাপেক্ষ ব্যাপার। 'ডুকা' স্থাপনের সময় তৎকালীন ডিসি অধ্যাপক আজাদ চৌধুরীর কাছ থেকে 'ডুকা' স্থাপনের বিষয়ে অনুমতি নেওয়া হয়েছিল।

প্রসঙ্গত, গত ২০০০ সালের ২২ জানুয়ারি ছাত্রলীগ নেতা বাহাদুর বেপারী এবং কয়েকজন ছাত্রের উদ্যোগে 'ডুকা' স্থাপিত হয়। 'ডুকা' ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কম্পিউটার বিষয়ে বিভিন্ন ট্রেনিং দিয়ে থাকে।

জানা যায়, 'ডুকা'র সঙ্গে সংশ্লিষ্ট কারো সঙ্গে আলাপ না করেই কর্তৃপক্ষ এর কার্যক্রম বন্ধ করে দেয়।

বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ৭টি হলে 'ডুকা'র কার্যক্রম চলছে। এখানে রয়েছে ব্রড ব্যান্ড ইন্টারনেট সার্ভিস। যেখানে বিনা খরচে ছাত্রছাত্রীরা ইন্টারনেট সুবিধা পায়। ডুকাতে বর্তমানে ৪০ জন শিক্ষক ও স্টাফ রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে গঠিত একটি উপদেষ্টা কমিটি 'ডুকা'র কার্যক্রম পরিচালনা করে থাকেন।